গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (আগষ্ট/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত জুলাই , ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৯-০৮-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত জুলাই, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-পরিচালক (পিপি) সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের জন্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভুক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্তির কার্যক্রম অব্যাহত আছে এবং ইতোপূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটিকে সংশ্লিষ্ট প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি রির্পোট দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত ইতোমধ্যে প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পত্র প্রেরণের প্রেক্ষিতে কিছু কিছু জেলা হতে তথ্য পাওয়া গেলেও তা যথাযথ নয় বিধায় সঠিক তথ্যাদি প্রেরণ করার জন্য বিভাগীয় সংশ্লিষ্ট উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বর্ষা মৌসুমে বাগান করার বিষয়ে খুলনা বিভাগ থেকে জানানো হয়েছে যে খুলনা ট্রেনিং সেন্টার এবং যশোর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের সামনে বিভিন্ন ফুল গাছের চারা রোপন করা হয়েছে। এছাড়া অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ সংশোধিত নির্দেশিকা অনুযায়ী আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রূত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ

অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারে ০১টি নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং সংশ্লিষ্ট চেয়ারম্যানের মাধ্যমে উদ্বোধন করা হয়েছে। প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি সম্পর্কিত প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে এবং ভবিষ্যতে স্থায়ীভাবে প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেনিং সেন্টারের এতদ্‌সংক্রান্ত বিষয়ে ডিসপ্লে বোর্ড স্থাপনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বিগত অর্থ বছরে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ শেষ হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের জন্য কাউখালী ও নাজিরপুরে স্থান নির্বাচন সম্পন্নকরণ পূর্বক সংশ্লিষ্ট ইউএনওদের সাথে এমওইউ স্বাক্ষরিত হয়েছে।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে করার জন্য এলজিইডিকে তাগিদপত্র প্রদান অব্যাহত আছে এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি জানিয়েছেন অতিসত্বর ডিজাইন ও ব্যয় প্রাক্কলন অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের নির্মাণ কাজের কার্যক্রম চলমান আছে। প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে QCBS পদ্ধতিতে ডকুমেন্টারী তৈরী করার জন্য EOI প্রদান করা হয়েছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী সভায় জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক মার্কেট চালু হয়েছে এবং আরো কিছু মার্কেট সত্বরই চালু হবে মর্মে তিনি সভাকে জানান। এনসিডিপি বাজারের সার্বিক চিত্র এবং বন্ধ এনসিডিপি মার্কেট চালুকরনে প্রয়োজনীয় সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে প্রস্তুত করার কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে জানানো হয়।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভায় জানান যে, নির্বাচিত ১০টি উপজেলায় নির্মিত ১০টি আলুর মডেল ঘরে জায়গার মালিকের সাথে MOU কার্যক্রম সম্পন্ন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। কর্মসূচীর আওতায় ইতোমধ্যে যে সব বিপণন দল গঠন করা হয়েছে এবং পরবর্তীতে যে সব দল গঠন করা হবে তার তথ্য নির্ধারিত ছক মোতাবেক অতিদ্রুত সদর দপ্তরে প্রেরণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক সভাকে জানিয়েছেন। ২০১৬-১৭ অর্থবছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশ গ্রহণে টিওটি প্রশিক্ষণের আয়োজন করা হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।



**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৭৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ৩টি প্রকল্পের মধ্যে মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য ২টি প্রকল্পের ১ম কিস্তি বাবদ মোট ১৫৪.৭৫ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে আগষ্ট/২০১৬ পর্যন্ত সর্বমোট ১৯.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২.৬৪%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও অর্থ ছাড় পাওয়া যায়নি।

**৩.২ ২০১৫-২০১৬ এর আরএডিপি'র সবুজ পাতায়** অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলাগুলোকে অর্ন্তভূক্ত এবং প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন সংযুক্ত করে পুনর্গঠিত ডিপিপি জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি মহোদয় পুনরায় নির্দেশ প্রদান করেন। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান করবেন। এছাড়া যেসকল ডিএমও/ডিএমআইগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেননা সভাপতি তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার দৃঢ় অভিমত ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অন্তর্ভূক্ত এবং ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন সংযুক্ত করে দ্রুত সময়ের মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও আহ্বায়ক প্রকল্পের ফিজিবিলিটি কমিটি |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে সময় নির্ধারণ করে পুনরায় পত্র প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে বিভাগীয় উপ পরিচালকগণ সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান করবেন। যে সকল ডিএমও/ডিএমআইগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেননা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১৮.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ এখনো অর্থ ছাড় হয়নি। উপ-প্রকল্প পরিচালক (এমআইএডিপি) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অর্থ প্রাপ্তির সাথে সাথে Packaging, Sorting, Grading-এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেনিং সেন্টারের বিভিন্ন রুমে ডিসপ্লে বোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৩.১** | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

| | | |
|---|---|---|
| ৩.৩.২ | ঝিনাইদহ জেলার ডাকবাংলা বাজারে গঠিত গুদাম কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠন করতে হবে এবং আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা উক্ত শস্যগুদাম চালুকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনসহ তদারকী করবেন। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৩ | অর্থ প্রাপ্তির সাথে সাথে Packaging, Sorting, Grading-এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৪ | ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৫ | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ৭১.২৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। আগষ্ট,২০১৬ পর্যন্ত ১১.৪৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৪.০২%। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ,২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে সেগুলো উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.২ | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৫: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে কিস্তি বাবদ মোট ৮৩.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। আগষ্ট, ২০১৬ পর্যন্ত ০৮.০১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ২.৪০%। প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য তাগিদপত্র দান অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে এবং প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে সভাপতি তাগিদ দেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.২ | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৪ | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** রাজশাহী, নাটোর, রংপুর, নওগাঁ ও নীলফামারী জেলার ১৬টি এনসিডিপি'র বন্ধ মার্কেটসমূহ কার্যকরভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহন করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করনীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে পেশ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারনের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া মাহিগঞ্জের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে একটি প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং এফএমজি কর্মসূচী সমাপ্ত হওয়ার সময়ে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন পেশ করতে এবং অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন দাখিল করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। এছাড়া অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| ৩.৬.২ | ক) বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করণের বিষয়ে কর্মপন্থা নির্ধারণসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী পৃথক পৃথকভাবে দ্রুত সময়ে উপস্থাপন করবেন।<br>খ) যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সেগুলি বিকল্প ব্যবহারের বিষয়ে মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী |
| ৩.৬.৩ | আংশিক চালু ০৬টি এনসিডিপি'র মার্কেট পূর্ণাঙ্গভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |

| | | |
|---|---|---|
| ৩.৬.৪ | বন্ধ ০৫টি মার্কেট ব্যাতীত অন্য ৭১টি মার্কেটের বর্তমান পরিস্থিতি সম্পর্কে পুর্ণাংগ প্রতিবেদন মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক<br>নীতি ও পরিকল্পনা |
| ৩.৬.৫ | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন<br>কর্মকর্তা<br>রংপুর |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভায় অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ২৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ এখনো অর্থ ছাড় হয়নি। নির্বাচিত ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হবে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগানের জন্য এবং উক্ত প্রদশর্নী বোর্ড এর খসড়া সদর দপ্তরে প্রেরণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | নির্বাচিত ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.২ | ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৩ | কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৪ | যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৫ | কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন বাধ্যতামূলকভাবে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে পেশ করতে হবে। | আহ্বায়ক<br>কর্মসূচী মনিটরিং টীম |
| ৩.৭.৬ | কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের নির্মাণ কাজের সময় গণপূর্ত অধিদপ্তরকে নির্মাণ কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে করার জন্য অনুরোধ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানাতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| **৩.৮.২** | সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা, পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রকল্প/কর্মসূচীর আওতায় গঠিত কৃষক বিপণন দল এর সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায়নি। সভাপতি যে সকল প্রকল্প/কর্মসূচী হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদেরকে দ্রুত তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় যে সকল ট্রেনিং সেন্টার নির্মাণ করা হয়েছে উক্ত স্থাপনা সমূহ সুষ্ঠুভাবে চালু কারার জন্য ব্যাপক প্রচার প্রচারণার কার্যক্রম চালাতে হবে। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য উপ-পরিচালকদেরকে নির্দেশনা দেন এবং অধিদপ্তরের মেকানিকদের কে উক্ত স্থাপনার সাথে সংযুক্ত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্রুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |
| ৪.২ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

| | | |
|---|---|---|
| ৪.৩ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে অক্টোবর/১৬-এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৪ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৫ | সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্রুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১০/১৬

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- ৬০২ তারিখঃ ২০ -১০-২০১৬

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (আগষ্ট/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯-০৯-২০১৬ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (আগষ্ট/২০১৬ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সেপ্টেম্বর, ২০১৬ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামী ২৩-১০-২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৮ (আট) পাতা।

(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক (বাজার তথ্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৪। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৫। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল বিভাগ।
০৬। উপ পরিচালক (শগঋপ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৮। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৯। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
১০। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। ফেকাল পয়েন্ট কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা